প্রথম আলো

তারিখ 19 NOV 2006

পৃষ্ঠা ৩ কলাম ২

৫

# জিনতত্ত্বে বাংলাদেশি বিজ্ঞানীর সম্মাননা

জিনতত্ত্ব গবেষণায় বাংলাদেশি বিজ্ঞানীকে বিশেষ সম্মাননা জানিয়েছে বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে গবেষণা সংক্রান্ত অনলাইন আন্তর্জাতিক সংগঠন *ফ্যাকাল্টি অব ১০০০ বায়োলজি*। ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগাং (ইউএসটিসি)-এর বায়োটেকনোলজি ও বায়োকেমিস্ট্রি বিভাগের সহযোগী অধ্যাপক ড. আরিফুজ্জামান ই-কোলি ব্যাকটেরিয়াসংক্রান্ত একটি গবেষণাপত্রের জন্য এই সম্মাননা অর্জন করেন।



ড. *আরিফুজ্জামান*

প্রতিবছর বিজ্ঞানের বিভিন্ন গবেষণাপত্রের ওপর ভিত্তি করে যুক্তরাষ্ট্রের ম্যাক্সপ্ল্যাঙ্ক ইনস্টিটিউট, জন হপকিন্স বিশ্ববিদ্যালয় এবং লন্ডনের সায়েন্স নেভিগেশন গ্রুপ কর্তৃক যৌথভাবে এই সম্মাননা প্রদান করা হয়। ড. আরিফ E.coli ব্যাকটেরিয়াতে HscC জিন-এর প্রকাশ ও সিগমা ফ্যাক্টর সম্পর্কিত গবেষণাপত্রের জন্য এই সম্মাননা অর্জন করেন। তাঁর এই গবেষণাকর্মকে গত ৫ বছরে জিনতত্ত্ব গবেষণায়, *সবচেয়ে আকর্ষণীয় গবেষণাপত্র* হিসেবে আখ্যায়িত করা হয়। ড. আরিফ ২০০২ সালের মার্চ মাসে জাপানের নারা ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি থেকে স্ট্রেস রেসপন্স মেকানিজম বিষয়ে পিএইচডি ডিগ্রি লাভ করেন। ❑ আদনান মান্নান

# আন্তঃবিশ্ববিদ্যালয় বিজ্ঞান অলিম্পিয়াড

বিজ্ঞান আয়োজন

১০ নভেম্বর রুশ সাংস্কৃতিক কেন্দ্রে ডেফোডিল আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে। গণিত, পদার্থবিজ্ঞান, তড়িৎ প্রকৌশল, কম্পিউটার প্রকৌশল ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে এই অলিম্পিয়াডে ১৯টি বিশ্ববিদ্যালয়ের ১১২ জন শিক্ষার্থী অংশ নেন। অংশ নেওয়া বিশ্ববিদ্যালয়গুলো হলো ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী। বিকেলে রাশিয়ান কালচারাল সেন্টারে অনুষ্ঠিত হয় পুরস্কার বিতরণী। সনদ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. এম আসাদুজ্জামান।

এ সময় ডিআইইউ বোর্ড অব গভর্নরসের চেয়ারম্যান মো. সবুর খান, উপাচার্য ড. আমিনুল ইসলাম, তথ্যপ্রযুক্তি অনুষদের ডিন ড. লুৎফর রহমান, অলিম্পিয়াড কমিটির আহ্বায়ক অধ্যাপক সুব্রত কুমার আদিত্য ও রেজিস্ট্রার মোস্তফা কামাল উপস্থিত ছিলেন। ডেফোডিল বিশ্ববিদ্যালয়ের মো. ওমর আলী সর্বাধিক ৭৪ পয়েন্ট পেয়ে চ্যাম্পিয়ন হন। ৭১ পয়েন্ট নিয়ে প্রথম রানার-আপ হন রুয়েটের এস এম মানজার লেমন। এ ছাড়া বুয়েটের জুবাইর সাঈদ দ্বিতীয় রানার-আপ, ডেফোডিল বিশ্ববিদ্যালয়ের মো. ফারুক হোসেন চতুর্থ, শামীম আহমেদ পঞ্চম, মো. মারুফ হোসেন ষষ্ঠ, পপি সিদ্দিকা সপ্তম, রুয়েটের নাফিজ মাহমুদ অষ্টম এবং মো. আবদুল্লাহ মাসুম নবম স্থান অধিকার করেন।

❑ বিজ্ঞান প্রজন্ম প্রতিবেদক